
CHILDREN'S BOOK TRUST NEW DELHI

আমার দেওয়াল





চিলড্রেন্স বুক ট্রাস্ট দ্বারা আয়োজিত ছোটদের জন্য লেখা বই প্রতিযোগিতায় ইংরাজি গল্প 'মাই ওয়াল' পিকচার বুক বর্গে দ্বিতীয় পুরস্কার প্রাপ্ত বই। 'আমার দেওয়াল' তাহারই বঙ্গানুবাদ।


বইটির লেখিকা মিনী পী. স্বামীর কয়েকটি রচনা 'চিলড্রেন্স ওয়াল্ড' পত্রিকায় প্রকাশিত হয়েছে। পূর্বে তিনি শংকর্স ইন্টার-ন্যাশান্যাল চিলড্রেন্স কম্পিটিশনে নেহরু পুরস্কার পেয়েছেন।

আমার দেওয়াল



লেখা ঃ মিনী পী স্বামী
আঁকা ঃ জগদীশ জোশী
অনুবাদ ঃ অলক কুমার ঘোষ

একবার আমি একটা দেওয়াল আঁকলাম,
এই রকম।





কিন্তু সেটা দেখতে
বড় খালি খালি।
তাই একটা
দরজা আঁকলাম।



জানালাও বানালাম।



তারপর তৈরি করলাম একটি বাগান।
ফুল পাতা আর ঘাসে ভরা।
একটা বড় গাছও।
একটি ছোট্ট পাখির ছবি এঁকে দিলাম।
আর একটি রঙ্গিন প্রজাপতি।
আমার খেলা করবার কি সুন্দর বাগান।
ফুলেরা আমার জন্য নাচে।
পাখি আমাকে গান শোনায়।
প্রজাপতি রঙ্গিন ডানামেলে আমার পেছু ধাওয়া করে।






কিন্তু শীঘ্রই বড় একাকী মনে হ’ল।
‘বন্ধুদের ডাকা যাক।’ মনে-মনে ভাবলাম।
তাই আঁকলাম নানা রকমের খাবার।



চেয়ার টেবিল গেলাস আর প্লেটের ছবি।





সুন্দর করে সাজিয়ে বন্ধুদের ডাকলাম।



কি মজাই না এল !
খানিক পরে বন্ধুরা চলে গেল ।
সব মজা শেষ ।
আমি আবার একাকী ।







হঠাৎ এক খেয়াল এল।
মা বাবা ছোট্ট ভাইটি আর
পোষা কুকুরকে ডেকে আনলাম।



সবাই আমার দেওয়াল পছন্দ করল।

আমার সঙ্গে সকলের বড় ভাল লাগে।
সবাই খুব খুশী।
এবং আমিও খুশী।





My Wall
By Minnie P. Swami Illustrations by Jagdish Joshi

First English Edition: 1985

Amar Deowal: Bengali translation by Alok Kumar Ghosh
First Bengali Edition: September 1985

CHILDREN'S BOOK TRUST NEW DELHI

চিলড্রেন্স বুক ট্রাস্ট, নয়া দিল্লী

Published by the Children's Book Trust, Nehru House, 4, Bahadur Shah Zafar Marg, New Delhi, and printed at the Trust's press, the Indraprastha Press, New Delhi.

